হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬।

www.hbri.gov.bd

স্মারক নং- ২৫.৪৪.২৬০০.০০০.২১.১১৫.১১-৮৯ তারিখ: ২৮/০৭/২০২৫ খ্রিঃ

সাব-সয়েল অনুসন্ধান কাজে নিয়োজিত বেসরকারি প্রতিষ্ঠানসমূহ তালিকাভুক্তকরণ বিজ্ঞপ্তি

নিরাপদ ও টেকসই নির্মাণের ক্ষেত্রে অন্যতম পূর্বশর্ত ভবন সংশ্লিষ্ট এলাকায় যথাযথ মৃত্তিকা পরীক্ষার মাধ্যমে মাটির প্রকৌশলগত গুণাগুণ নির্ণয় করা। মৃত্তিকা পরীক্ষার মান অনেকাংশেই নির্ভর করে মৃত্তিকা পরীক্ষা কাজে নিয়োজিত প্রতিষ্ঠানের সক্ষমতার উপর। উল্লেখ্য যে, স্থাপনা নির্মাণের জন্য সংশ্লিষ্ট এলাকার মাটির প্রকৌশলগত গুণাগুণ নির্ণয়ে নিয়োজিত সয়েল টেস্টিং ফার্ম এর সক্ষমতা নির্ধারণে ASTM/ BNBC অনুসরণ করা হয়। এমতাবস্থায়, নিরাপদ ও টেকসই ভবন নির্মাণ নিশ্চিতকরণের লক্ষ্যে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট মৃত্তিকা পরীক্ষা কাজে নিয়োজিত মানসম্মত বেসরকারি প্রতিষ্ঠানসমূহকে তালিকাভুক্তকরণের উদ্যোগ গ্রহন করেছে। এ লক্ষ্যে মৃত্তিকা পরীক্ষা কাজে নিয়োজিত ইচ্ছুক বেসরকারি প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরম এ আদিষ্ট হয়ে আবেদন আহবান করা হচ্ছে। আবেদন ফরম অত্র প্রতিষ্ঠানের সয়েল মেকানিক্স এন্ড ফাউন্ডেশন ইঞ্জিনিয়ারিং ডিভিশন এবং www.hbri.gov.bd ওয়েব সাইট থেকে সংগ্রহ করা যাবে।

ডিজি-১০৪৮/২৫ (৬″X৪)